



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৩ জুলাই ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি সদর উপজেলা চেয়ারম্যান চঞ্চুমনি চাকমার উপর সন্ত্রাসী হামলার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের ভারপ্রাপ্ত প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ১৩ জুলাই ২০১৮, শুক্রবার সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে খাগড়াছড়ি সদর উপজেলা চেয়ারম্যান চঞ্চুমনি চাকমার উপর সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানিয়েছেন এবং অবিলম্বে হামলাকারীদের গ্রেফতারের দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ দুপুর সাড়ে ১২টার দিকে কোর্ট বিল্ডিং এলাকার দিক থেকে মোটর সাইকেল যোগে আসার পথে খাগড়াছড়ি প্রেসক্লাবের সামনে ৫/৬ জনের একদল সন্ত্রাসী চঞ্চুমনি চাকমার উপর হামলা করে। এ সময় সন্ত্রাসীরা তাকে অপহরণের চেষ্টা করে ব্যর্থ হয়ে হত্যার উদ্দেশ্যে ইট ও ধারালো অস্ত্র দিয়ে তার মাথায় আঘাত করে। এতে তিনি গুরুতর আহত হন। পরে আশে-পাশের লোকজন ঝাপিয়ে পড়ে তাকে উদ্ধার করে খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করেন।

সংস্কারবাদী জেএসএস-এর সন্ত্রাসীরা এ হামলা চালিয়েছে অভিযোগ করে ইউপিডিএফ নেতা বলেন, চঞ্চুমনি চাকমার উপর হামলা ছাড়াও সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীরা গতকাল আলুটিলায় ইউপিডিএফ সদস্য জ্ঞানেন্দু চাকমাকে হত্যা, দিবাগত রাতে কমলছড়ির ইটছড়ি থেকে শান্ত চাকমা(৪২) নামে এক ব্যক্তিকে অপহরণ ও আজ সকালে খাগড়াছড়ি সদর হাসপাতাল থেকে হত্যার শিকার হওয়া জ্ঞানেন্দু চাকমার লাশ নিতে আসা তার ছোট ভাই কালায়ন চাকমাকে পুলিশের সামনে থেকে অপহরণ করে মারধর করেছে।

প্রশাসনের নিরাপত্তা বলয়ের মধ্যে দিনদুপুরে শহরের প্রেসক্লাব এলাকায় একজন জনপ্রতিনিধির উপর এ হামলার ঘটনা প্রশাসনের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে এলাকার জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে বলে তিনি মন্তব্য করেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, সেনা-প্রশাসনের প্রত্যক্ষ সহযোগিতায় সংস্কারবাদী জেএসএস এর একটি অংশ (পেলে-সুদর্শন-অংশুমান চক্র) সরকারের এজেন্ডা বাস্তবায়নে খুন, গুম, অপহরণ, চাঁদাবাজিসহ নানা অপকর্ম চালিয়ে যাচ্ছে। তারা ইউপিডিএফ নেতা মিঠুন চাকমাসহ এ পর্যন্ত কমপক্ষে ১৬ জন ইউপিডিএফ'র নেতা-কর্মী, সমর্থককে খুন করলেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ নিচ্ছে না। উপরন্তু তাদেরকে আশ্রয়-প্রশ্রয় দিয়ে এসব অপকর্মে লেলিয়ে দিয়ে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে চঞ্চুমনি চাকমার উপর হামলাকারীসহ খুন-গুম-অপহরণও চাঁদাবাজির ঘটনায় জড়িত সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।